

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫৮

মোহনপুর, ২৭ জুন, ২০২৪

মোহনপুরে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয়

মোহনপুর মহকুমায় সম্প্রতি মোহিনীপুরস্থিত খাদ্য গুদাম প্রাঙ্গণে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করা হয়েছে। এই ধান ক্রয় কেন্দ্রে ১১৭ জন কৃষকের কাছ থেকে ১৪৬.১৮৪ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে। প্রতি কেজি ধান ২১ টাকা ৮৩ পয়সা দরে ক্রয় করা হয়েছে। তাছাড়া মহকুমার বামুটিয়া ব্লকের বেরীমুড়া উচ্চমাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণেও কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করা হচ্ছে। এই ধান ক্রয় কেন্দ্রে আগামীকাল পর্যন্ত ধান ক্রয় করা হবে। মোহনপুর মহকুমার খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক কার্যালয়ের আধিকারিক এ সংবাদ জানান।
